

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৫/০৭/২০২৩ ইং।

সময় : ১২.০০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা শিক্ষা অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল সভায় জানান যে, বর্তমানে শ্রীমঙ্গল উপজেলার সকল স্কুল তাদের কার্যক্রম পরিচালনা করছে। এবং স্কুলে উপস্থিতির হার ও ভাল। পাশাপাশি তিনি সার্বিক বিষয়ে সভাকে অবগত করেন। সার্বিক বিষয়ে অবগত হয়ে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং স্কুলে উপস্থিতির হার যেন শতভাগ থাকে তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানান।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোহাম্মদ লিটন আহমেদ)  
ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি  
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার